# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# নির্বাহী প্রকৌশলীর দপ্তর
# বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট।

www.bwdb.bagerhat.gov.bd

স্মারক নং-৪২.০১.০১০০.৬১৭.০০১.৭৮.০০০১.২৬-২৮০ তারিখঃ ০৯-০৮-২০২৬ খ্রিঃ।

## "সীমিত দরপত্র পদ্ধতি (LTM) এর আওতায় ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি ও নবায়নের বিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) মোতাবেক সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ক্রয় ও ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য ঠিকাদার/ সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্ত ও নবায়ন করা হবে। তত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪, তারিখঃ ২০/০৭/২০২০খ্রিঃ এর ধারাবাহিকতায় ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য নির্ধারিত আবেদন ফরম এর মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করা যাবে। ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়নের কার্যক্রম সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ছাড়া সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত অব্যাহত থাকবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভুক্তির ফরম বিক্রয় এবং নবায়নের আবেদন গ্রহন করা হবে না।

১। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি আবেদন ফরম বিক্রয় ও গ্রহনের তফসিলঃ

| ক্রঃ নং | আবেদনের ধরণ | ফরম বিক্রয় আরম্ভের তারিখ | ফরম বিক্রয়ের শেষ তারিখ | তালিকাভুক্তির আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তি (কার্য/পণ্য) | ০৯/০৮/২০২৬ খ্রিঃ | ২৪/০৮/২০২৬ খ্রিঃ | ০৯/০৯/২০২৬ খ্রিঃ |

২। তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীদের নবায়নের তফসিলঃ

| ক্রঃ নং | নিবন্ধন বহি জমাদান আরম্ভের তারিখ | নিবন্ধন বহি জমাদান সমাপ্তির তারিখ | নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান আরম্ভের তারিখ | নবায়ন বহি পুনঃ ইস্যু করে ফেরত প্রদান সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | ০৯/০৮/২০২৬ খ্রিঃ | ২৪/০৮/২০২৬ খ্রিঃ | ৩০/০৯/২০২৬ খ্রিঃ | ১০/১০/২০২৬ খ্রিঃ |

### ঠিকাদার/সরবরাহকারী নবায়ন/তালিকাভুক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

| ক্রঃ নং | নির্দেশনাবলী | বিবরণ |
|---|---|---|
| ০১ | আবেদনের যোগ্যতা | ১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সাটিফিকেট, ৩) ৩০ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/বিবরণী (কার্য), এবং ০৫ লক্ষ টাকা স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সি/বিবরণী (পণ্য), ৪) জাতীয় পরিচয়পত্র, ৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি, ৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতি ও জনবলের তালিকা, ৭) ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকের ৩০০.০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা, ৮) অত্র দপ্তর হতে সরবরাহকৃত আবেদনে উল্লেখিত সকল শর্তাবলী পূরণ করতে হবে। |
| ০২ | আবেদন ফি | ৫০০.০০ (পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলের মাধ্যমে আবেদনপত্র সংগ্রহ করতে হবে। |
| ০৩ | তালিকাভুক্তির নিবন্ধন ফি | নতুন নিবন্ধন ফি ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকার পৃথক ভ্যাট প্রদানের চালানের মূল কপি, উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলে মাধ্যমে পরিশোধ করতে হবে।<br>উল্লেখ্য যে, পিপিআর-২০২৫ এর বিধি ৬৮(৩)(ঙ) মোতাবেক একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী নারী হলে নতুন নিবন্ধন ফি ৩০০০.০০ (তিন হাজার) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও সরকার নির্ধারিত ফি এর |

| | | |
|---|---|---|
| | | অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকার পৃথক ভ্যাট প্রদানের চালানের মূল কপি, উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলে মাধ্যমে পরিশোধ করতে হবে (চালানের পুরাতন কোড নাম্বারঃ ১-১১৩৩-০০০১-০৩১১, নতুন কোডঃ১১১০২০৫১০২০৮৯-১১০০০০০০০-১১০০১০০০-১১৪১১০১)। |
| ০৪ | নবায়নের ফি | নবায়ন ফি ২০০০.০০ (দুই হাজার) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ৩০০.০০ (তিনশত) টাকার পৃথক ভ্যাট প্রদানের চালানের মূল কপি, উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলে মাধ্যমে পরিশোধ করতে হবে।<br>একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধীকারী নারী হলে নবায়ন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট ও সরকার নির্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) বাবদ ২২৫.০০ (দুইশত পঁচিশ) টাকার পৃথক ভ্যাট প্রদানের চালানের মূল কপি, উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, খুলনা এর অনুকূলে অত্র দপ্তরে দাখিলে মাধ্যমে পরিশোধ করতে হবে (চালানের পুরাতন কোড নাম্বারঃ১-১১৩৩-০০০১-০৩১১, নতুন কোডঃ ১১১০২০৫১০২০৮৯-১১০০০০০০০-১১০০১০০০-১১৪১১০১)। |
| ০৫ | আবেদন পত্র প্রাপ্তি ও দাখিল | প্রাক্কলন শাখা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, বাগেরহাট। |

৩। তালিকাভূক্তির আবেদনে উল্লেখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে কমিটি কর্তৃক মূল্যায়নের পর নিবন্ধন বহি ইস্যু করা হবে।
৪। ইতোপূর্বে অত্র দপ্তর হতে ইস্যুকৃত নিবন্ধন বহির শর্তাবলী পূরণ সাপেক্ষে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়ন করা যাবে।
৫। সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) অংশগ্রহনের জন্য e-GP Registration থাকা আবশ্যক।

উল্লেখ্য, ক্রয়কারী কর্তৃপক্ষ আবেদনকারীর আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঠিকাদার/ সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতাবান।

০৯.০৪.২০২৬

(জয়ন্ত পাল)
নির্বাহী প্রকৌশলী(চঃ দাঃ)
আইডি নং-৯৪০১২২০০১
বাগেরহাট পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, বাগেরহাট।
ই-মেইলঃ xen.bwdb.bagerhat@gmail.com

স্মারক নং- ৪২.০১.০১০০.৬১৭.০০১.৭৮.০০০১.২৬-২৮০ তারিখঃ ০৯/০৪/২০২৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১। প্রধান প্রকৌশলী, দক্ষিন পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, খুলনা পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, খুলনা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা, ১টি ইংরেজি ও ১টি আঞ্চলিক দৈনিক পত্রিকায় সংবাদপত্রে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা (তাকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, খুলনা।
৭। প্রাক্কলনিক, অত্র দপ্তর।
৮। দপ্তর কপি।

০৯.০৪.২০২৬

নির্বাহী প্রকৌশলী